COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 4th Semester Examinations, 2022

BENGALI

লোকসাহিত্য ও লোকসংস্কৃতি

CORE-8

সময়: ২ ঘণ্টা পূর্ণমান: ৪০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) 'ছড়া' বলতে কী বোঝায় ?

(খ) রবীন্দ্রনাথ ঠাকুর সংকলিত ছড়া গ্রন্থটির নাম কী ?

(গ) মেয়েলি ব্রতকে কয় ভাগে ভাগ করা যায় এবং কী কী ?

(ঘ) একটি শস্যব্রতের নামোল্লেখ করো।

(ঙ) গল্পকে শিশুমনরাজ্যে স্থায়ী আসন দিয়েছিলেন দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার — কিভাবে ?

(চ) 'ঠাকুরমার ঝুলি'র কয়টি ভাগ ও কী কী ?

(ছ) 'আষাঢ় মাস চাষার আশ' - কথাটির অর্থ কী ?

(জ) লৌকিক প্রবাদ বলতে কী বোঝায় ?

(ঝ) 'আরে গেইলে কি আসিবেন মোর মাহুত বন্ধুরে' — এটি কোন্ শ্রেণির গান ?

(ঞ) খনার বচনকে আমরা লোকসাহিত্যের কোন্ ধারার মধ্যে ফেলতে পারি ?

(ট) লোককথার কী কী প্রকারভেদ হতে পারে ?

(ঠ) 'বাংলার ব্রত' গ্রন্থটির লেখকের নাম ও প্রকাশকাল উল্লেখ করো।

(ড) 'বাউল' বলতে কী বোঝায় ?

(ঢ) একটি বাউল গানের চারটি চরণ উদ্ধৃত করো।

(ণ) ভাটিয়ালি কোন্ অঞ্চলের গান ?

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) টীকা লেখোঃ শিবরাত্রি ব্রত

(খ) একটি ঘুমপাড়ানি ছড়ার উল্লেখ করে তার প্রেক্ষাপট বুঝিয়ে দাও।

(গ) 'আমার বাপই ভাল / না করে ক্যাচাল/ ' — ছড়াটির সারাংশ লেখো।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) প্রবাদ কী ও কেন ? প্রবাদের বিষয়বস্তু ও লোকজীবনে তার ব্যবহার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) লোকগান বলতে কী বোঝানো হয়ে থাকে ? লোকগানগুলিকে কীভাবে ভাগ করা হয়েছে — বিস্তারিত আলোচনা করো।

(গ) 'ডালিমকুমার' গল্পের বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) লোককথার স্বরূপ, সংজ্ঞা, শ্রেণিবিভাগ এবং সংগ্রহের ইতিহাস আলোকপাত করো।

(খ) উত্তরবঙ্গের লোকগানগুলির সাধারণ পরিচয় দাও। যে-কোনো একপ্রকার লোকগান সম্পর্কে আলোচনা করো।

(গ) বাংলা শিশুসাহিত্যে ছড়ার অবদান সম্পর্কে একটি নিবন্ধ রচনা করো।

——×——